



প্রেস বিজ্ঞপ্তি

২৮ ডিসেম্বর ২০২১




টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধি সৌধে বাউবি'র শ্রদ্ধা নিবেদন

বাউবি প্রতি বছর জাতির পিতার সমাধি সৌধে শ্রদ্ধা নিবেদন করবে।

মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আজ ২৮ ডিসেম্বর মঙ্গলবার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে বাউবি'র মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের নেতৃত্বে প্রো-উপাচার্য (প্রশাসন), অধ্যাপক ড. নাসিম বানু, প্রো- উপাচার্য (শিক্ষা), অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলমসহ ৭ শতাধিক শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।

এরপর ১৯৭৫ এর ১৫ আগস্ট বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহিদ সকল সদস্যের রুহের মাগফিরাত ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। পরে শোক-বইয়ে বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে স্বাক্ষর করেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। এখন থেকে বাউবি প্রতি বছর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে শ্রদ্ধা জানাবে এবং জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা নিবেদন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় "ক্যালেন্ডার ইভেন্ট" হিসেবে ঘোষণা দিয়েছে।

শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে বাউবি'র ডিন, পরিচালক, আঞ্চলিক পরিচালকগণ, শিক্ষক সমিতি ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম উপস্থিত ছিলেন।


২৮.১২.২০২১

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

০১৭১২-৫৯৯৫০৪